

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdootwash@bdembassyusa.org

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

২৮ জুন ২০১১

খাদ্য সমস্যার টেকসই সমাধানই সকলের জন্য খাদ্য নিশ্চিত করতে পারে-মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশ রাষ্ট্রদূত

খাদ্য সমস্যা সমাধান বাংলাদেশ সরকারের একটি অগ্রাধিকারমূলক অঙ্গীকার এবং এ সমস্যার একটি টেকসই সমাধানের মাধ্যমে সকলের জন্য খাদ্য নিশ্চিত করতে সরকার কাজ করে যাচ্ছে। মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের আজ ২৮ জুন ২০১১ মার্কিন কৃষি দপ্তর এবং ইউএসএআইডি-এর যৌথ উদ্যোগে মিসৌরী অঙ্গরাজ্যের ক্যানসাস সিটিতে আয়োজিত ইন্টারন্যাশনাল ফুড এইড কনফারেন্সে একথা বলেন। তিনি “ফ্রম স্মল ফার্ম টু স্মল বিজনেস : নিউ ডিরেকশন ফর সাসটেইনেবল ফুড সিকিউরিটি” নামক একটি প্যানেল ডিসকাশানের মূল বক্তা হিসেবে বক্তব্য রাখেন।

২০১০ সালের মে মাসে ঢাকায় আয়োজিত বাংলাদেশ ফুড সিকিউরিটি ইনভেস্টমেন্ট ফোরামে মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যকে উদ্ধৃত করে তিনি বলেন, বাংলাদেশ সরকার খাদ্য নিরাপত্তা প্রদানে সমন্বিত প্রয়াসে বিশ্বাসী এবং খাদ্য উৎপাদন বৃদ্ধির পাশাপাশি খাদ্যের প্রাপ্যতা ও খাদ্যের সঠিক ব্যবহার নিশ্চিত করাকেও সরকার গুরুত্বপূর্ণ মনে করে। তিনি বলেন, টেকসই খাদ্য নিরাপত্তা এবং আর্থ-সামাজিক উন্নয়ন এর মধ্যে গভীর সম্পর্ক রয়েছে। এ কারণে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্য আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে সরকার কৃষি ও মানব সম্পদ উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে নানা পদক্ষেপ গ্রহণ করেছে। এর মধ্যে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ হচ্ছে-খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে প্রণীত বাংলাদেশ কান্ট্রি ইনভেস্টমেন্ট প্ল্যান। এ পরিকল্পনার আওতায় কৃষি, পানি সম্পদ ব্যবস্থাপনা, মৎস্য ও পশুসম্পদ, কৃষি বিপণন, খাদ্য ব্যবস্থাপনা, পুষ্টিসহ খাদ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে আন্তর্জাতিক বিনিয়োগের অনেক সুযোগ সৃষ্টি হয়েছে। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানকে এ সকল ক্ষেত্রে বাংলাদেশে বিনিয়োগের সুযোগ গ্রহণ করার আহ্বান জানান।

খাদ্য নিরাপত্তাকে একটি জটিল বিষয় হিসেবে অভিহিত করে রাষ্ট্রদূত কাদের আরও বলেন খাদ্য নিরাপত্তা অর্জনে আন্তর্জাতিক সম্প্রদায়ের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে, বিশ্ববাজারে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি এবং খাদ্য উৎপাদনের উপর জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সমন্বিত বৈশ্বিক উদ্যোগের উপর তিনি জোর দেন।

কনফারেন্সে চব্বিশটি দেশের প্রতিনিধি এবং বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের প্রায় ছয়শত প্রতিনিধি অংশগ্রহণ করেন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- ইউএস কংগ্রেসনাল রিসার্চ সার্ভিস, ফুড এন্ড ড্রাগ এডমিনিস্ট্রেশন, ইউএস এটার্নি দপ্তর, ইউএসডিএ, ইউএসএআইডি-র কর্মকর্তাবৃন্দ, শিক্ষাবিদ, এনজিও কর্মকর্তা, কনসালটিং গ্রুপ ও থিংকট্যাংকের সদস্য, ব্যবসায়ী ও বিনিয়োগকারী এবং গণমাধ্যমের প্রতিনিধি।

যোগাযোগ : স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি-২০০০৮, টেলিফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স-২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইল- pressministerwash@yahoo.com

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdootwash@bdembassyusa.org

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

28 June 2011

Bangladesh wants a durable solution to ensure food for all—Bangladesh Ambassador to USA

“Food remains a matter of high priority and as such our efforts have been to find solutions, a durable one, and ensure that each individual in the country gets adequate food”. This was said by Bangladesh Ambassador to USA and State Minister Mr. Akramul Qader today (28 July 2011)at *International Food Aid and Development Conference* organized jointly by the US Department of Agriculture (USDA) and U.S. Agency for International Development in Kansas City, Missouri. He was speaking as the keynote speaker at a panel discussion entitled “From Small Farm to Small Business: New Direction for Sustainable Food Security.”

Citing from the speech of the Hon'ble Prime Minister while inaugurating the Food Security Investment Forum in Dhaka in May 2010, he said that Bangladesh Government takes a comprehensive approach to achieve food security and as such puts emphasis on Food access and Food utilizations in addition to its efforts to increase food production. Referring to the linkages between overall socio-economic development and sustainable Food security, Ambassador Qader highlighted various initiatives of the Government especially in the vital areas of Agriculture and Human Development in line with Government's vision to become a middle income country by 2021. He said that Bangladesh has chalked out a detailed country investment plan (CIP) for food security and urged the public and private investors to take advantage of the policy regime and invest in physical, institutional and human capacities in the fields of agriculture, water management, fisheries, livestock, agricultural marketing, food management, and nutrition and food safety in Bangladesh.

Terming Food Security as a complex issue, Ambassador Qader also drew the attention of the international community towards global challenges to attain food security for all. He said that factors like fluctuations of food price in global food market and impacts of climate change on food production need to be addressed globally.

The conference was attended by representatives of twenty four countries and about six hundred participants from various organizations including officials from the Congressional Research Service, Food and Drug Administration, office of the US Attorney, USDA and USAID, academics, NGO officials, members of consulting groups and think tanks, investors and businessmen, and media representatives.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com